



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jashoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/২৫৮

তারিখ : ১৯-০৬-২০২২ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে

সূত্র : বিগত ১০-০৫-২০২২ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৭৯তম সভার ০৯ নং আলোচ্যসূচির সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন হাড়িয়াদহ-মহিষাখোলা মাধ্যমিক বিদ্যালয়ের সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক জনাব মোঃ আশাফুল আলম-কে (ক্রীড়া) বিদ্যালয়ের সভাপতি ও প্রধান শিক্ষক সম্পূর্ণ বেআইনীভাবে ২২-০২-২০০৮ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত ও ১৪-০৬-২০০৮ খ্রি. তারিখে চূড়ান্তভাবে বরখাস্ত করেন। বাদী উক্ত কার্যাদির বিরুদ্ধে গাংনী সহকারী জজ আদালতে ১৭৩/১০ নং মোকদ্দমা দায়ের করেন। উক্ত আদালত ০৮-০৯-২০১৬ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত ও চূড়ান্ত বরখাস্ত আদেশ অবৈধ মর্মে আংশিক ঘোষণামূলক ডিহী প্রদান করে। উক্ত রায়ের বিরুদ্ধে বিদ্যালয় কর্তৃপক্ষ মেহেরপুর জেলা জজ আদালতে দেওয়ানী ১৫/১৬ নং আপিল মোকদ্দমা দায়ের করেন, যা অতিরিক্ত জেলা জজ আদালত শুনানীঅন্তে ২৫-০৪-২০১৮ খ্রি. তারিখে খারিজ করে দেয়। উক্ত আদালতের রায় অনুযায়ী যশোর শিক্ষা বোর্ড ২২-১২-২০১৬ খ্রি. তারিখে বিঅ-৬/১২৭৬ নং স্মারক পত্রের মাধ্যমে বাদীকে ০৭ (সাত) দিনের মধ্যে বেতন-ভাতা প্রদান পূর্বক যোগদান করার জন্য নির্দেশ দেয়া হয়, কিন্তু বিদ্যালয় কর্তৃপক্ষ আদালত ও বোর্ডের নির্দেশ অমান্য করেছেন। এমতাবস্থায় আদালত ও বোর্ডের নির্দেশ অমান্য করায় প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক কেন ম্যানেজিং কমিটি বাতিল করা হবে না তার জবাব আগামী ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

সভাপতি, ম্যানেজিং কমিটি

হাড়িয়াদহ-মহিষাখোলা মাধ্যমিক বিদ্যালয় (১১৮১৮৪)

ডাকঘর : ধানখোলা, উপজেলা: গাংনী, জেলা : মেহেরপুর

১২/৬/২২
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

তারিখ : ১৯-০৬-২০২২ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/২৫৮(১-১০)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের- ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)
- ৮। প্রধান শিক্ষক, হাড়িয়াদহ-মহিষাখোলা মাধ্যমিক বিদ্যালয়, ধানখোলা, গাংনী, মেহেরপুর।
- ৯। জনাব মোঃ আশাফুল আলম, সাময়িক বরখাস্তকৃত সহকারী শিক্ষক, হাড়িয়াদহ-মহিষাখোলা মাধ্যমিক বিদ্যালয়, ধানখোলা, গাংনী, মেহেরপুর।
- ১০। সংরক্ষণ নথি।

১২/৬/২২
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর